তারিখ ... 24 ... পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

বাংলাদেশ ইউনিভার্সিটির প্রতিষ্ঠাবার্ষিকীতে তথ্যমন্ত্রী

# শিক্ষাঙ্গন হোক মূল্যবোধের চর্চাকেন্দ্র

■ সমকাল প্রতিবেদক

শিক্ষাঙ্গনকে মূল্যবোধ চর্চার কেন্দ্র হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। বৃহস্পতিবার দুপুরে রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে বেসরকারি বাংলাদেশ ইউনিভার্সিটির ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান।

মহান ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে তথ্যমন্ত্রী বলেন, শিক্ষার উদ্দেশ্য আলোকিত মানুষ গড়া। তার জন্য প্রয়োজন মূল্যবোধে উদ্দীপ্ত হওয়া। মানুষ ও দেশের জন্য ভালোবাসা বুকে নিয়ে সততার আদর্শে বলীয়ান মানুষই সর্বজনশ্রদ্ধেয়। পাঠদানের পাশাপাশি ছাত্রছাত্রীদের অসাম্প্রদায়িক বৈষম্যমুক্ত চেতনায় উদ্বুদ্ধ করা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর পবিত্র দায়িত্ব।

অবাধ তথ্যপ্রবাহ ও বিশ্বায়নের এ যুগে ভালো-মন্দ বিচারবোধ না থাকলে জীবন-সংগ্রামে জয়ী হওয়া সম্ভব নয়– সতর্কবাণী উচ্চারণ করে ছাত্র-ছাত্রীদের উদ্দেশে হাসানুল হক ইনু বলেন, 'জীবনে কিছু অর্জন করতেই হবে। মহীরুহের মতো বড় না হতে পারলে দেবদারু, নাহলে অন্তত ঘাসফুলের মতো হয়েও মানুষের সেবায় আত্মনিয়োগের মাঝেই জীবনের জয়গান।'

বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি কাজী জামিল আজহারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংসদ সদস্য অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক ও বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক শাহ আলমগীর।